



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/২৯(০২)/

তারিখ :

বিষয় : ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ইংরেজী ভাষনে পাঠদানের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষ মহোদয়ের ২০-১০-২০১৪ তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে নিয়োগকৃত শিক্ষক/ জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের স্ব-অর্থায়নে পরিশোধের শর্তে নিম্ন লিখিত বিভাগ/ বিষয় সমূহে একাদশ শ্রেণীতে বিজ্ঞান বিভাগে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ হতে ইংরেজী ভাষনে পাঠদানের অনুমতি প্রদান করা হল।

বিজ্ঞান বিভাগ : পদার্থ বিদ্যা, রসায়ন বিদ্যা, জীববিদ্যা ও উচ্চতর গণিত।

আরোপিত শর্ত সমূহ :

- ১। একাদশ শ্রেণীতে ইংরেজী ভাষনে পাঠদানের অনুমতিকে প্রথম পর্যায়ে ১(এক) বছরের জন্য পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে- কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসাবে গন্য করা যাবে না।
- ২। প্রতি বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৩। লাইব্রেরীতে কমপক্ষে ২০০০(দুই হাজার) খানা পাঠ সহায়ক বই থাকতে হবে।
- ৪। জাতীয় দিবস গুলি উদযাপন এবং ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৫। ২০০৯ সালের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৬। সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/= ও সাধারণ তহবিলে ৫০,০০০/= টাকা জমা রাখতে হবে।
- ৭। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করতে হবে।
- ৮। বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ৯। ০৬ (ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ১০। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ১১। পরীক্ষার পূর্বে প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা ফিস হিসাবে বোর্ড তহবিলে জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে (স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।

প্রাপক : অধ্যক্ষ
বি, এ, এফ, শাহীন কলেজ
ডাক : এয়ারবেস ক্যান্টনমেন্ট, সদর, যশোর।

স্বাঃ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর
ফোন-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং -ক/অ/২৯(০২)/ ১৮৫৯ (১০)/৮

তারিখঃ ২৮/১২/১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, যশোর
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। জেলা শিক্ষা অফিসার, যশোর
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর।
- ৮। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর

২৮/১২/১৪